# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৫৭৯

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৫৮. নামাযরত অবস্থায় অট্টহাসি সম্পর্কিত হাদীস এবং তার ত্রুটিসমূহ

## بَابُ أَحَادِيثِ الْقَهْقَهَةِ فِي الصَّلَاةِ وَعِلَلِهَا

আরবী

حَدَّثَنَا بِهِ مُحَمَّدُ بْنُ مَخْلَدٍ ، نَا أَحْمَدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ زِيَادٍ الدَّانَاجُ ، وَحَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّدِ بْنِ عُبَيْدٍ الْحَافِظُ ، نَا مُحَمَّدُ بْنُ نَصْرٍ أَبُو الْأَحْوَصِ الْأَثْرَمُ ، وَحَدَّثَنَا أَبُو هُرَيْرَةَ الْأَنْطَاكِيُّ مُحَمَّدُ بْنُ عَلِيِّ بْنِ حَمْزَةَ ، نَا أَبُو أُمَيَّةَ مُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ الطَّرَسُوسِيُّ ، قَالُوا : نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ عَمْرِو بْنِ جَبَلَةَ ، نَا سَلَّامُ بْنُ أَبِي مُطِيعٍ ، عَنْ قَتَادَةَ ، عَنْ أَبِي الْعَالِيَةِ ، وَأَنَسِ بْنِ مَالِكٍ : " أَنَّ أَعْمَى تَرَدَّى فِي بِئْرٍ ، فَضَحِكَ نَاسٌ خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ فَأَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ

وَقَالَ أَبُو أُمَيَّةَ ، عَنْ أَنَسٍ وَأَبِي الْعَالِيَةِ : " إِنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ يُصَلِّي بِالنَّاسِ فَدَخَلَ أَعْمَى الْمَسْجِدَ ، فَتَرَدَّى فِي بِئْرٍ ، فَضَحِكَ النَّاسُ خَلْفَ رَسُولِ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ

وَقَالَ ابْنُ مَخْلَدٍ ، عَنْ أَنَسٍ وَأَبِي الْعَالِيَةِ : " إِنَّ رَسُولَ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ كَانَ يُصَلِّي بِالنَّاسِ ، وَبِئْرٌ وَسَطَ الْمَسْجِدِ ، فَجَاءَ أَعْمَى فَوَقَعَ فِيهَا ، فَضَحِكَ نَاسٌ ، فَأَمَرَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ مَنْ ضَحِكَ أَنْ يُعِيدَ الْوُضُوءَ وَالصَّلَاةَ " ، قَالَ أَبُو أُمَيَّةَ : هَذَا حَدِيثٌ مُنْكَرٌ

قَالَ الشَّيْخُ أَبُو الْحَسَنِ : لَمْ يَرْوِهِ عَنْ سَلَّامٍ غَيْرُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَمْرِو بْنِ جَبَلَةَ ، وَهُوَ مَتْرُوكٌ يَضَعُ الْحَدِيثَ

وَرَوَاهُ دَاوُدُ بْنُ الْمُحَبَّرِ ـ وَهُوَ مَتْرُوكٌ يَضَعُ الْحَدِيثَ ـ عَنْ أَيُّوبَ بْنِ خُوطٍ ـ وَهُوَ ضَعِيفٌ أَيْضًا ـ عَنْ قَتَادَةَ ، عَنْ أَنَسٍ

বাংলা

৫৭৯(৩). মুহাম্মাদ ইবনে মাখলাদ (রহঃ) ... আবুল আলিয়া (রহঃ) ও আনাস ইবনে মালেক (রাঃ) থেকে বর্ণিত। এক অন্ধ ব্যক্তি একটি কূপের মধ্যে পড়ে গেল। তাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনে নামাযরত লোকজন হেসে দিলো। যারা হেসেছিল রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদেরকে পুনরায় উযু করে নামায পড়ার নির্দেশ দিলেন।

আবু উমায়্যা (রহঃ) আনাস (রাঃ) ও আবুল আলীয়া (রহঃ) সূত্রে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকজনকে নিয়ে নামায পড়ছিলেন। তখন এক অন্ধ ব্যক্তি মসজিদে প্রবেশ করে একটি গর্তে পড়ে গেল। তাতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পিছনের লোকজন হেসে দিলো।

ইবনে মাখলাদ (রহঃ) আনাস (রাঃ) ও আবুল আলিয়া (রহঃ)-এর সূত্রে বর্ণনা করেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম লোকদের নিয়ে নামায পড়ছিলেন। মসজিদের মাঝখানে একটি গর্ত ছিল। এক অন্ধ ব্যক্তি এসে সেই গর্তে পড়ে গেল। তাতে লোকজন হেসে দিলো। এজন্য রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যারা হেসেছিল তাদেরকে পুনরায় উযু করার ও নামায পড়ার নির্দেশ দিলেন।

আবু উমায়্যা (রহঃ) বলেন, এটি মুনকার হাদীস। আশ-শায়েখ আবুল হাসান (রহঃ) বলেন, এই হাদীস সাল্লাম (রহঃ) থেকে আবদুর রহমান ইবনে আমর ইবনে জাবালা (রহঃ) ব্যতীত অপর কেউ বর্ণনা করেননি। তিনি প্রত্যাখ্যাত রাবী এবং জাল (মনগড়া) হাদীস বর্ণনা করতেন। এই হাদীস দাউদ ইবনুল মুহাব্বার (রহঃ) বর্ণনা করেছেন। তিনিও প্রত্যাখ্যাত রাবী এবং জাল (মনগড়া) হাদীস বর্ণনা করেন। এই হাদীস আইয়ুব ইবনে খাওত (রহঃ) থেকেও বর্ণিত এবং তিনিও হাদীসশাস্ত্রে দুর্বল। তিনি কাতাদা-আনাস (রাঃ) সূত্রে হাদীস বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80368

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন